দৈনিক
ইত্তেফাক

তারিখ 18 APR 2007
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ভয়াবহতম ক্যাম্পাস হত্যাকাণ্ডে যুক্তরাষ্ট্র জুড়ে তোলপাড় চলছে

## ঘাতক ২৪ বছরের চীনা বংশোদ্ভূত

॥ ইত্তেফাক ডেস্ক ॥

পুরো আমেরিকা জুড়ে তোলপাড় চলছে ভয়াবহতম ক্যাম্পাস হত্যাকাণ্ডে। ৩৩টি তাজা প্রাণ কেড়ে নেয়া উন্মত্ত ঘাতকের পরিচয় এখন পর্যন্ত প্রকাশ করা হয়নি। যুক্তরাষ্ট্রের ক্যাম্পাসে এই ভয়াবহতম হত্যাকাণ্ডে অপর ২১ জন আহত হয়।

এফবিআই বলেছে, ভার্জিনিয়ার ব্ল্যাকসবার্গের টেক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই জঘন্য হত্যাকাণ্ড কোন সন্ত্রাসবাদের কারণে ঘটেনি। মুখপাত্র রিচার্ড কলকো বলেন, এটা সন্ত্রাসীদের কাজ এমন কোন আভাস পাওয়া যায়নি। তবে, তদন্তের জন্য সকল পথই খোলা রাখা হয়েছে।

প্রেসিডেন্ট বুশ এই নির্দয় হত্যাকাণ্ডে গভীর শোক প্রকাশ করেছেন। ক্যাম্পাসে শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন। ব্রিটেনের রাণী এলিজাবেথও ক্যাম্পাসে গুলির ঘটনায় ৩৩ জনের প্রাণহানিতে শোক প্রকাশ করেছেন।

সোমবার স্থানীয় সময় সকাল সোয়া ৭টার দিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েস্ট এম্বলার জনসন হলে প্রথম হত্যাকাণ্ড ঘটে। জিন্স ও হ্যাট পরিহিত ২৪ বছরের চীনা বংশোদ্ভূত এক যুবক প্রথমে একজন ছাত্রী ও হোটেল কর্মকর্তাকে গুলি করে হত্যা করে। সঙ্গে সঙ্গে পুলিশ গুলিবর্ষণের সংবাদ পায় এবং ঘটনাস্থলে আসে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং পুলিশ প্রথমে এ হত্যাকাণ্ডকে কোন ক্ষ্যাপা প্রেমিকের উন্মাদ কর্ম মনে করে হত্যাকারীকে খুঁজতে থাকে। সে সময় বিশ্ববিদ্যালয়ে কোন জরুরী সতর্কবার্তা কিংবা স্বাভাবিক চলাচলে জরুরী নিয়ন্ত্রণ আরোপ করা হয়নি। প্রায় দুই ঘন্টার ব্যবধানে পৌনে দশটার দিকে প্রথম ঘটনাস্থল থেকে প্রায় আধা মাইল দূরত্বে নরিস হলে হত্যাকারী হামলা চালায়। ৯ মিঃমিঃ পিস্তল এবং পয়েন্ট ২২ ক্যালিবার হ্যান্ডগানসহ হত্যাকারী পর্যাপ্ত অতিরিক্ত গুলি নিয়ে ঠাণ্ডা মাথায় এ ঘটনা ঘটায়। এলোপাতাড়ি গুলিতে একের পর এক ছাত্র-শিক্ষক মাটিতে লুটিয়ে পড়তে থাকেন। অবিরাম গুলির শব্দ এবং জানালা দিয়ে লাফ দিয়ে পড়া ছাত্রদের দেখে পুলিশ নরিস হলে ধাওয়া করে। হত্যাকারীর কাছাকাছি যাওয়ার আগেই নারকীয় এ হত্যাকাণ্ডের নায়ক নিজে মাথায় গুলি চালায়।

দু'ঘন্টার ব্যবধানে ঘটে যাওয়া ক্যাম্পাস হত্যাকাণ্ড পরিস্থিতি সামাল দিতে চরম ব্যর্থতার জন্য বিশ্ববিদ্যালয়ের প্রেসিডেন্ট চার্লস স্টেগার এবং পুলিশ প্রধানের অপসারণ দাবি করেছে শিক্ষার্থীদের ক্ষুব্ধ অভিভাবকরা। —নিউজওয়ার্ল্ড/এএফপি



*আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ভারী অস্ত্র নিয়ে সোমবার ভার্জিনিয়ার টেক বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তল্লাশি চালায়* —রয়টার্স